জাতীয় ক্রীড়া পরিষদ
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nsc.gov.bd, email- info@nsc.gov.bd.

নথি নং ৩৪.০৩.০০০০.০০৩.০৮.২৭৭.২০-/2268

তারিখঃ ২৮কার্তিক,১৪২৯
১৩ নভেম্বর, ২০২২

## সভার বিজ্ঞপ্তি

আগামী ১৫ নভেম্বর ২০২২, মঙ্গলবার, বেলা ১২:০০ ঘটিকায় Zoom Apps-এর মাধ্যমে ভার্চুয়ালি সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে অংশীজনদের (Stakeholder) সাথে জাতীয় ক্রীড়া পরিষদের সচিব জনাব পরিমল সিংহ এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানাচ্ছি।

মিটিং আইডি: 8831377295
পাসওয়ার্ড: 1234

13/11/22

মোঃ নিয়াজুল হাসান খান
সহকারী পরিচালক (প্রশাসন)-সাধারণ প্রশাসন
জাতীয় ক্রীড়া পরিষদ
ফোনঃ ৪১০৫০৫৫৫
ই-মেইলঃ niaznsc@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশন।
২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন।
৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন।
৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশন।
৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন।
৬। সাধারণ সম্পাদক, বাংলাদেশ মাউন্টেনিয়ারিং অ্যাসোসিয়েশন।
৭। সাধারণ সম্পাদক, বাংলাদেশ বাশাআপ অ্যাসোসিয়েশন।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন/অর্থ/ক্রীড়া/পঃ ও উঃ), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৪। সম্পাদক, ক্রীড়া জগত, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৫। উপ-পরিচালক (ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট),বিভাগীয় কার্যালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৬। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৭। সহকারী পরিচালক (ক্রীড়া/পঃ ও উঃ/প্রশাসন)- সাধারণ সেবা, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৮। প্রশাসক, ......................................................................................
০৯। আইন কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কাম অডিট অফিসার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস নথি।

# জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (Stakeholder) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব পরিমল সিংহ<br>সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা। |
| তারিখ ও সময় | : ১৫ নভেম্বর ২০২২ বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | : ভার্চুয়ালি। |

**সভায় (Zoom apps-এ অংশগ্রহণকারীগণ) উপস্থিতি:-**

০১। পরিচালক (প্রশাসন), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০২। উপ-পরিচালক, (চট্টগ্রাম/খুলনা/ঢাকা/রাজশাহী/সিলেট) বিভাগীয় কার্যালয়, জাতীয় ক্রীড়া পরিষদ।
০৩। সহকারী পরিচালক (ক্রীড়া/প্রশাসন)-সাধারণ সেবা/সাধারণ প্রশাসন, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৪। প্রশাসক, সৈয়দ নজরুল ইসলাম জাতীয় সুইমিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
০৫। প্রশাসক, শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়াম, মিরপুর, ঢাকা।
০৬। আইন কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৭। প্রশাসক, মিরপুর শের-ই বাংলা জাতীয় স্টেডিয়াম, ঢাকা।
০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কাম অডিট অফিসার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৯। প্রশাসক, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা।
১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় ক্রীড়া পরিষদ।
১১। সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্যূটিং স্পোর্ট ফেডারেশন।
১২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন।
১৩। সাধারণ সম্পাদক, বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন।
১৪। সাধারণ সম্পাদক, বাংলাদেশ মাউন্টেনিয়ারিং অ্যাসোসিয়েশন।
১৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ বাশাআপ অ্যাসোসিয়েশন।
১৬। সাধারণ সম্পাদক, বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশন।

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি তাঁর প্রারম্ভিক বক্তব্যে বলেন, জাতীয় ক্রীড়া পরিষদের সেবাসমূহ বিশেষ করে বিভিন্ন ফেডারেশন/অ্যাসোসিয়েশনের খেলোয়ারদের জিও করার ক্ষেত্রে, ভেন্যু বরাদ্দের ক্ষেত্রে, কে কতদিনে নিষ্পত্তিযোগ্য প্রভৃতি সিটিজেন্স চার্টারে উল্লেখ রয়েছে। তাছাড়া, সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে তা সততার সাথে নির্ধারিত ফোকাল পয়েন্টের মাধ্যমে সেসব সমাধান করা হয়ে থাকে। দক্ষতার সাথে এসব সেবা ও অভিযোগ প্রতিকারের ক্ষেত্রে আরো কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেসব বিষয়ে সকলের সুচিন্তিত মতামত আজকের সভায় প্রতিফলন ঘটবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। আলোচনায় অংশগ্রহণ করে বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশনের সাধারণ সম্পাদক জাতীয় ক্রীড়া পরিষদের প্রশিক্ষক নিয়োগের ওপর গুরুত্বারোপ করেন। তিনি নিয়োগের ক্ষেত্রে সচ্ছতা ও চাকরীতে প্রবেশের ক্ষেত্রে বয়সের শিথিলতা এবং শিক্ষাগত যোগ্যতা বিবেচনার অনুরোধ জানান। সভাপতি সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে প্রশিক্ষক নিয়োগের ক্ষেত্রে বয়সের শিথিলতা এবং শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে মতামত প্রদানের জন্য পরিষদের নির্বাহী কমিটির মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি সভা আহবান করে সুপারিশ/মতামত প্রণয়নের জন্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশনের সাধারণ সম্পাদক আলোচনায় অংশগ্রহণ করেন এবং তিনি ফেডারেশনের প্রশিক্ষণ ও বাজেট বরাদ্দ বৃদ্ধির অনুরোধ করেন। এছাড়াও জিমন্যাসিয়ামের সংস্কার কাজের অনুরোধ জানান।

বাংলাদেশ শ্যূটিং স্পোর্ট ফেডারেশনের সাধারণ সম্পাদক শ্যূটিং কমপ্লেক্স তৈরী এবং কমপ্লেক্সটি যাতে আন্তর্জাতিক ভেন্যু হিসেবে ব্যবহার করা যায় সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করেন। প্রশিক্ষণের দাবীটির বিষয়টিও তিনি উল্লেখ করেন।

বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশনের সাধারণ সম্পাদক আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় ক্রীড়া পরিষদের কর্মকান্ড নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং প্রতিষ্ঠানটির কার্যক্রম আরো গতিশীল করার ওপর মতামত রাখেন। আলোচনার এ পর্যায়ে সুশাসন

প্রতিষ্ঠার বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন, দক্ষ, কার্যকর ও স্বচ্ছতার সাথে সকল কর্মকর্তা দায়িত্ব পালন করবেন এবং ফেডারেশন/অ্যাসোসিয়েশনের কর্মকর্তাবৃন্দ সার্বিক সহযোগিতা করবেন মর্মে আশা প্রকাশ করেন।

এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ বাশাআপ অ্যাসোসিয়েশন ও বাংলাদেশ মাউন্টেনিয়ারিং অ্যাসোসিয়েশনের কর্মকর্তাবৃন্দ এবং পরিষদের বিভিন্ন কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ।

বিস্তারিত আলাপ আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

**সিদ্ধান্তঃ** (ক) প্রশিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

(খ) ফেডারেশন/অ্যাসোসিয়েশনের অনুকূলে বাজেট বরাদ্দ বৃদ্ধি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

(গ) শ্যুটিং কমপ্লেক্স নির্মাণের জন্য উদ্যোগ গ্রহণ করা;

(ঘ) খেলার ভেন্যুসমূহ পরিস্কার পরিচ্ছন্নতা রাখা;

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

পরিমল সিংহ
সচিব
জাতীয় ক্রীড়া পরিষদ
ফোনঃ ৪১০৫০৫৫২
**ই-মেইলঃ**secretary @ nsc.gov.bd

**বিতরণঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে)** - ১২৬২৫

০১। পরিচালক (প্রশাসন/অর্থ/ক্রীড়া/পঃ ও উঃ),জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০২। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৩। প্রশাসক............................................................................................।
০৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। নথি।